



স্মারকনং-৩৫.০৩.০০০০.০০২.১৭.০০৪.১৯-৪৬০

তারিখঃ ২১/১১/২০২১খ্রিঃ।

সংবাদ বিজ্ঞপ্তি


অতিরিক্ত ভাড়া আদায়ের বিরুদ্ধে বিআরটিএ-র অভিযান: ৬৫টি বাসকে
২ লক্ষ ২৩ হাজার টাকা জরিমানা আদায়।

ঢাকা, ২১ নভেম্বর ২০২১:

অতিরিক্ত ভাড়া আদায়ের অভিযোগ প্রমাণিত হওয়ায় আজ ঢাকা ও চট্টগ্রাম মহানগরে ১১টি স্পটে বিআরটিএ-র ১০ টি
ভ্রাম্যমাণ আদালত ৬৫টি ডিজেল চালিত বাসকে ২ লক্ষ ২৩ হাজার টাকা জরিমানা করেছে। গাড়ির সঠিক কাগজপত্র না
থাকার অপরাধে ১টি গাড়ি ডাম্পিং স্টেশনে পাঠানো হয়েছে।

উল্লেখ্য ভ্রাম্যমাণ আদালত আজ ২৩৩টি ডিজেল চালিত ও ১৭টি সিএনজি চালিত মোট ২৫০টি বাস-মিনিবাস পরিদর্শন ও
তল্লাশি করে এবং বাড়তি ভাড়ার বিষয়টি যাচাই-বাছাই করে দেখেন। এতে ৬৫টি ডিজেল চালিত বাসের বিরুদ্ধে বাড়তি ভাড়া
নেওয়ার অপরাধের প্রমাণ পাওয়া যায়।

বিআরটিএ-র চেয়ারম্যান নুর মোহাম্মদ মজুমদার, পরিচালক (এনফোর্সমেন্ট), মোঃ সরওয়ার আলম ও উপপরিচালক
(এনফোর্সমেন্ট), মোঃ হেমায়েত উদ্দিন ঢাকা মহানগরের বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা পরিদর্শন করেন এবং
যাত্রীদের সাথে কথা বলে অভিযোগ শুনেন ও সুরাহা করেন। অভিযানকালে বাস ও মিনিবাস মালিক ও শ্রমিক সংগঠনের
প্রতিনিধি দলের সদস্যগণ উপস্থিত ছিলেন।


(মোঃ সরওয়ার আলম) ২১/১১/২১

পরিচালক (এনফোর্সমেন্ট)

ফোনঃ ৫৫০৪৭০১৪

ই-মেইল: denf@brta.gov.bd

রাবর

বার্তা সম্পাদক/হেড অব নিউজ/চীফ নিউজ এডিটর
সিনিয়র রিপোর্টার/স্টাফ রিপোর্টার (সড়ক পরিবহন বীট)
(সদয় প্রচার/প্রকাশের একান্ত অনুরোধসহ)

১। জাতীয় দৈনিক পত্রিকা (সকল)

২। বেসরকারি টেলিভিশন চ্যানেল (সকল)

৩। বিটিভি/ বাংলাদেশ বেতার।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থেঃ

১। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। জনাব শাহজাহান কবীর, সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।